

তারিখ - ১ MAY-1987...
পৃষ্ঠা... ১... ২...

১২ মে ১৯৮৭

১০

হাজী মহসীন কলেজে ৩৭টি পদে শিক্ষক নেই

(নিজস্ব সংবাদদাতা)

জয়পুরহাট, ২০শে মে।—মহা

পুরে হাজী মহসীন সরকারী
কলেজে শিক্ষক ও কর্মচারীদের
৭৫টি পদের মধ্যে ৩৭টি পদ
শূন্য। ফলে, কলেজের শিক্ষা ও
অন্যান্য কাজকর্ম মারাত্মকভাবে
বাহত হচ্ছে। জননেতা মরহুম
মওলানা আবদুল হামিদ খান
ভাসানী এই কলেজ প্রতিষ্ঠা
করেন।

কলেজে অধ্যক্ষের পদটি দু-
বছর ধরে শূন্য থাকার পর সম্প্রতি
উপাধ্যক্ষকে অধ্যক্ষের পদে উন্নীত
করা হলেও উপাধ্যক্ষ হিসেবে
কাজকে নিয়োগ করা হয়নি।
সহযোগী অধ্যাপকের ৮টি পদের
মধ্যে বর্তমানে ৭টি সহকারী
অধ্যাপকের ১৪টি পদের মধ্যে
৭টি প্রভাষকের ২২টি পদের মধ্যে
৯টি ও প্রদর্শকের ৪টি পদের
মধ্যে ৩টি বর্তমানে শূন্য রয়েছে।
ইংরাজী, পদার্থবিদ্যা, রসায়ন
শাস্ত্র কৃষি ব্যবস্থাপনা ও হিসাব
বিজ্ঞান বিভাগে মাত্র একজন করে
শিক্ষক কাজ করছেন। এছাড়া
গৃহোপযোগী পদটি গত ৫
বছর ধরে শূন্য রয়েছে। অন্য-
দিকে ৩য় ও ৪র্থ শ্রেণীর ৬টি
ও ১৭টি পদের মধ্যে যথাক্রমে

২টি ও ৭টি পদ শূন্য রয়েছে।

এই সরকারী কলেজটি পাট-
বিবি উপজেলা সদর হতে প্রায়
৩ মাইল দূরে অবস্থিত। কলেজে
বাতায়নের জন্য যে বাসিন্দা আছে
তা চলচিলের অযোগ্য।